উদ্দীপকেও ছড়া কেটে খেলার সময় জীবন ও মনন অনুভব করে, মনে যা আসে তাই কিংবা যা দেখতে পাওয়া যায় তাই নিয়ে ছড়া লেখা উচিত। যদি তার নির্দিষ্ট কোনো অর্থ না থাকে বা মানুষ যদি তার অর্থ নাও বোঝে তাতে কোনো ৰতি নেই। মনে যা আসে তাই নিয়ে ছড়া ও কবিতা লেখা উচিত। তা কেউ বুঝুক বা না বুঝুক। নিজের মনের আনন্দের জন্য হলেও ছড়া লেখা উচিত এবং একসময় অভিজ্ঞতা অর্জন করলে সার্থক ছড়া রচনা করা সম্ভব। তাই বলা যায়, ছড়া ও কবিতা রচনার জন্য প্রয়োজন স্বপ্ন– এই ৰেত্রে উভয়ের মাঝে সাদৃশ্য রয়েছে।

ঘ 'শব্দ থেকে কবিতা' প্রবন্ধের আলোকে 'মনের মাঝে ধাই ধপাধপ তবলা বাজে'–উক্তিটির মাধ্যমে নিজের আনন্দের জন্যই শব্দের পর শব্দ সাজিয়ে ছড়া রচনার কথা বলা হয়েছে।

'শব্দ থেকে কবিতা' প্রবন্ধে লেখক কবিতা লেখার কিছু নিয়ম বলেছেন এবং কবিতা লেখার জন্য স্বপ্নের যে প্রয়োজন তা বর্ণনা করেছেন। কবিরাই স্বপ্ন দেখতে পারেন, তারাই পারেন স্বপ্নের ছবি আঁকতে। নতুন ছবির নতুন ভাব কেবল কবিদের চেতনায় খেলা করে বলে তারা লিখতে পারেন কবিতা। কবিতায় ব্যবহার করতে পারে শব্দের রূ প, রং, গন্ধ, বর্ণ, সুর, ছন্দ।

উদ্দীপকে জীবন ও মনন দুই ভাই ছড়া কেটে খেলতে লাগল– 'আজকে দাদা যাওয়ার আগে বলব যা মোর চিত্তে লাগে, নাইবা তাহার অর্থ হোক, নাইবা বুঝুক বেবাক লোক, আজকে আমার মনের মাঝে ধাই ধপাধপ তবলা বাজে' এ থেকে উভয়ে সিদ্ধান্ত নিল ছড়া লেখার– নিজেদের আনন্দের জন্যই ছড়া রচনা করার। যা পড়লে মনের মাঝে আনন্দের বন্যা বয়ে যায়। যেন মনের মাঝে ধাই ধপাধপ তবলা বাজে।

উলিরখিত আলোচনায় বলা যায়, 'শব্দ থেকে কবিতা' প্রবন্ধের আলোকে উক্তিটি যথার্থ হয়েছে।

প্রশ্ন– ২ ▸▸ কবিতা লেখার উপাদান

রবীন্দ্রনাথ ঠাকুরের কাব্য–কবিতার প্রতি কাবেরীর বিশেষ দুর্বলতা। মাঝে মাঝে তারও ইচ্ছা হয় এমন সুন্দর সুন্দর কবিতা লেখার। তাই কাবেরী একদিন ড. আয়েশা বেগমকে তার এ আগ্রহের কথা জানায়। তখন ড. আয়েশা বেগম বলেন– কবিতা লিখতে হলে নতুন কথা ভাবতে হবে, আর সে কথাকে পরিয়ে দিতে হবে শব্দ ও ছন্দের রঙিন সাজ পোশাক।

ক. কবিতার জন্য কী দরকার? ১
খ. যার স্বপ্ন নেই সে কবি হতে পারে না কেন? ২
গ. উদ্দীপকের ড. আয়েশা বেগমের বক্তব্যের সাথে 'শব্দ থেকে কবিতা' প্রবন্ধের লেখকের বক্তব্যের সাদৃশ্য কোথায়– ব্যাখ্যা কর। ৩
ঘ. উদ্দীপকের ড. আয়েশা বেগম ও 'শব্দ থেকে কবিতা' রচনার লেখকের বক্তব্য যেন একসূত্রে গাঁথা– মন্তব্যটি বিশ্লেষণ কর। ৪

২ নং প্রশ্নের উত্তর

ক কবিতার জন্য দরকার রং–বেরঙের শব্দ।

খ কবিতা লিখতে হলে স্বপ্ন দেখা প্রয়োজন। তাই যার স্বপ্ন নেই সে কবি হতে পারে না।

কবিতা কেবল কবিরাই লিখতে পারেন। কারণ কবিরা স্বপ্ন দেখতে পারেন, স্বপ্নের ছবি আঁকতে পারেন। নতুন ছবি, নতুন ভাব নিয়ে তারা চিন্তাভাবনা করেন বলে তারা কবিতা লিখতে পারেন। কবিরা তাদের দেখা স্বপ্নকে শব্দের মাধ্যমে প্রকাশ করেন। এজন্য স্বপ্ন না দেখতে পারলে কবিতা লেখা যায় না।

গ কবিতা লেখার জন্য লেখক 'শব্দ থেকে কবিতা' প্রবন্ধে যে বৈশিষ্ট্য বা বিষয়গুলোর কথা বলেছেন তা উদ্দীপকের ড. আয়েশা বেগমের বক্তব্যের সাথে সাদৃশ্যপূর্ণ।

পাখি

লীলা মজুমদার

■ **লেখক পরিচিতি**

নাম	লীলা মজুমদার।
জন্ম পরিচয়	**জন্ম :** ১৯০৮ খ্রিষ্টাব্দ। **জন্মস্থান :** কলকাতার বিখ্যাত রায় পরিবারে, গড়পার রোডের বাড়িতে।
সাহিত্য সাধনা	তার প্রথম গল্প লক্ষ্মীছাড়া ১৯১২ সালে 'সন্দেশ' পত্রিকায় প্রকাশিত হয়। এছাড়া তার অনন্য সাহিত্যকর্মগুলো হচ্ছে– হলদে পাখির পালক, দিন দুপুরে, বদ্যিনাথের বড়ি, গুপির গুপ্তখাতা, টং লিং, পদিপিসীর বমি বাক্স, সব ভুতুড়ে, পাকদণ্ডী (আত্মজীবনী)।
পুরস্কার ও সম্মাননা	আনন্দ পুরস্কার ও শিশু সাহিত্য পুরস্কার।
জীবনাবসান	২০০৭ খ্রিষ্টাব্দে তিনি কলকাতায় মৃত্যুবরণ করেন।

পাঠ-পরিচিতি '

পাখি' গল্পটি লীলা মজুমদারের 'চিরকালের সেরা' গল্প-সংকলন থেকে সংগ্রহ করা হয়েছে। গল্পের কিশোরী কুমু অসুস্থ হলে তা নিয়ে দুশ্চিন্তায় পড়ে পরিবার। সহপাঠীরা সবাই উপরের ক্লাসে উঠে যাবে, কুমু নিচের ক্লাসে পড়ে থাকবে এই নিয়ে কুমুর ভাবনার শেষ নেই। দ্রুত সুস্থতার জন্য কুমু সোনাঝুরিতে দিদিমার দোতলা বাড়ির উন্মুক্ত পরিবেশে এলে একটি অভূতপূর্ব ঘটনার সম্মুখীন হয়। শিকারির বন্দুকের গুলির আঘাতে একটি বুনোহাঁস আহত হলে কুমু তার জন্য সাহায্যের হাত বাড়িয়ে দেয়। পাখিটিকে সুস্থ করে তোলার জন্য সে ব্যাকুল হয়ে ওঠে। সমবয়সী কিশোর লাটুর সহযোগিতা নিয়ে কুমু পাখিটাকে সকল বিপদ থেকে বাঁচতে এবং দ্রুত সুস্থ হয়ে উঠতে সাহায্য করে। গল্পটির একটি অসাধারণ দিক হচ্ছে পাখিটির সেরে ওঠার প্রতিটি ধাপ থেকে কুমু নিজেও সুস্থ হবার প্রেরণা পায়। পাখিটির প্রতি দুজন কিশোর-কিশোরীর অকৃত্রিম মমত্ববোধ ও সমবেদনা গল্পটিকে এক অনন্য মাত্রায় উন্নীত করেছে।

বহুনির্বাচনি প্রশ্নোত্তর

১. কুমু ডান পাটা মাটি থেকে কতটুকু উঁচু করতে পারে?
● এক বিঘত খ দুই বিঘত
গ এক হাত ঘ দেড় হাত

২. কুমু ঝাঁকে ঝাঁকে কী দেখতে পেল? (জ্ঞান)
● বুনোহাঁস খ বক গ পানকৌরি ঘ শালিক

৩. যেই শীত আসে তখন কোন দিক থেকে ঠান্ডা বাতাস আসে? (জ্ঞান)
ক দক্ষিণ ● উত্তর গ পশ্চিম ঘ পূর্ব

৪. বাঁধের কাছে পাখিরা কত দিন বিশ্রাম নেয়? (জ্ঞান)
● দু–তিন খ তিন–চার গ আট–দশ ঘ পনেরো–বিশ

৫. লাটুর কথা বলার প্রায় সঙ্গে সঙ্গে দূরে কীসের শব্দ শুনতে পেল? (অনুধাবন)
ক গাড়ির খ বিদ্যুৎ চমকানোর
● বন্দুকের ঘ গ্রেনেডের

৬. মিলন ঝড়ের দিনে আমবাগানে আম কুড়াতে যায়। সেখানে হঠাৎ করে একটি টিয়া পাখির বাচ্চা গাছ থেকে নিচে পড়লে সে বাচ্চাটিকে বাড়ি এনে পরিচর্যা করে। মিলনের পাখি পরিচর্যা করার বিষয়টি তোমার পাঠ্যবইয়ের কোন রচনার সাথে মিল রয়েছে? (প্রয়োগ)
ক সেই ছেলেটি ● পাখি গ ছবির রং ঘ লখার একুশে

৭. লাটু কুমুর কাঁধের ওপর উঁকি মেরে কী দেখতে পায়?
● পাখি খ হাতি গ ঘোড়া ঘ গাড়ি

৮. লাটু শক্ত করে কী বেঁধেছিল? (জ্ঞান)
ক গাছটা ● ঝুড়িটা গ পাখিটা ঘ গরবটা

৯. লাটু পাখিটির ক্ষত স্থানে কোন রঙের মলম লাগিয়ে ছিল? (জ্ঞান)
● হলুদ খ লাল গ সাদা ঘ কালো

১০. কুমুর পায়ের শক্তি ফিরে পাওয়ার কারণ কী? (উচ্চতর দক্ষতা)
● পাখির থেকে পাওয়া অনুপ্রেরণা খ দিম্মার থেকে পাওয়া অনুপ্রেরণা
গ লাটুর থেকে পাওয়া অনুপ্রেরণা ঘ মায়ের থেকে পাওয়া অনুপ্রেরণা

১১. দ্রুত সুস্থতার জন্য কুমু কোথায় গিয়েছিল? (জ্ঞান)
ক বাংলাতে খ ফুলবাড়িতে ● সোনাঝুড়িতে ঘ বগুড়াতে

১২. কুমু সোনাঝুরিতে কার বাড়িতে গিয়েছিল? (জ্ঞান)
ক পিসিমার ● দিদিমার গ দিদির ঘ মাসিমার

১৩. কুমু সোনাঝুরিতে দিদিমার বাড়ি গিয়েছিল কেন? (অনুধাবন)
● দ্রুত সুস্থতার জন্য খ পূজার ছুটিতে আনন্দ করার জন্য
গ মামাতো বোনের বিয়ের জন্য ঘ পরীক্ষা শেষে আনন্দ করার জন্য

১৪. শিকারির বন্দুকের গুলির আঘাতে একটি বুনোহাঁস আহত হলে কুমু কী করেছিল? (জ্ঞান)
● সাহায্যের হাত বাড়িয়ে দেয় খ নদীতে ভাসিয়ে দেয়
গ জঙ্গলে রেখে আসে ঘ দিদিমা পাখিটিকে এনে দেয়

বহুপদী সমাপ্তিসূচক বহুনির্বাচনি প্রশ্নোত্তর

১৫. 'পাখি' গল্পের আঘাতপ্রাপ্ত বুনো হাঁসটির–
i. খানিকটা রক্ত জমা ii. শরীরটা থর থর করে কাঁপছে
iii. মুখ দিয়ে লালা ঝড়ছে
নিচের কোনটি সঠিক?
● i ও ii খ i ও iii গ ii ও iii ঘ i, ii ও iii

১৬. কুমু জোর গলায় বলল–
i. নিশ্চয় বাঁচে ii. চুন হলুদ দিয়ে ডানা বেঁধে
iii. গরম জায়গায় রাখলে
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ i ও iii গ ii ও iii ● i, ii ও iii

১৭. রোজ পাখিটা একটু করে সেরে ওঠে ঝুড়ি থেকে ডালে নামে। আর আনন্দের চোটে কুমুও–
i. নিজের বিছানা নিজে পাতে ii. নিজে স্নান করে
iii. নিজে রান্না করে
নিচের কোনটি সঠিক?
● i ও ii খ i ও iii গ ii ও iii ঘ i, ii ও iii

অভিন্ন তথ্যভিত্তিক বহুনির্বাচনি প্রশ্নোত্তর

নিচের অনুচ্ছেদটি পড়ে ১৮ ও ১৯ নং প্রশ্নের উত্তর দাও :

"হঠাৎ আমি চমকে উঠি
হলদে পাখির ডাকে
ইচ্ছে করে ছুটে বেড়াই
মেঘনা নদীর বাঁকে।'

১৮. অনুচ্ছেদে 'আমি' 'পাখি' গল্পের কোন চরিত্রের সাদৃশ্য লক্ষণীয়? (প্রয়োগ)
● কুমু খ মা গ লাটু ঘ দিদিমা

১৯. অনুচ্ছেদে উক্ত চরিত্রটির যে দিক প্রতিফলিত হয়েছে–
i. মমত্ববোধের ii. সমবেদনার
iii. সহযোগিতার
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ i ও iii গ ii ও iii ● i, ii ও iii

অভিন্ন তথ্যভিত্তিক বহুনির্বাচনি প্রশ্নোত্তর

নিচের অনুচ্ছেদটি পড়ে ৫৩ ও ৫৪নং প্রশ্নের উত্তর দাও :

"সে দিনও নেমেছিল ঢল–
শ্রাবণের নয়, ফালগুনের
জলের নয়, তাজা রক্তের;
যাতে ভাসিয়েছিল পাক সরকারের
সব অহংকার।"

২২. **অনুচ্ছেদের কবিতাংশটির বিষয়বস্তু তোমার পাঠ্যবইয়ের কোন রচনার সাদৃশ্য রয়েছে?**
ক মরব–ভাস্কর খ শব্দ থেকে কবিতা
গ ছবির রং ● পিতৃপুরবষের গল্প

২৩. **অনুচ্ছেদে রচনার যে বিষয় প্রতিফলিত হয়েছে–**
i. ভাষা আন্দোলন ii. শহিদদের আত্মত্যাগ
iii. গণআন্দোলনের
নিচের কোনটি সঠিক?
● i ও ii খ i ও iii গ ii ও iii ঘ i, ii ও iii

সৃজনশীল প্রশ্ন ও উত্তর

প্রশ্ন– ১ বীর মুক্তিযোদ্ধার দৃষ্টান্ত

"আমি একজন মুক্তিযোদ্ধা, মৃত্যু পিছনে আগে,
ভয়াল বিশাল নখর মেলিয়া দিবস রজনী জাগে।
কখনো সে ধরে রেজাকার বেশ, কখনো সে খান–সেনা,
কখনো সে ধরে ধর্ম–লেবাস পশ্চিম হতে কেনা।
কখনো সে পশি ঢাকা–বেতারের সংরবিত ঘরে,
ৰেপা কুকুরের মরণ কামড় হানিছে ৰিপ্ত স্বরে।"

ক. ঢাকা শহরের আগের নাম কী? ১
খ. অন্তু মামার কাছে চিঠি লিখল কেন? ২
গ. উদ্দীপকের মুক্তিযোদ্ধা চরিত্রটি পিতৃপুরবষের গল্প–এর কোন চরিত্রের সাথে সাদৃশ্যপূর্ণ –ব্যাখ্যা কর। ৩
ঘ. "আমি একজন মুক্তিযোদ্ধা, মৃত্যু পিছনে আগে"– কথাটির তাৎপর্য 'পিতৃপুরবষের গল্প' রচনার আলোকে বিশেরষণ কর। ৪

১ নং প্রশ্নের উত্তর

ক ঢাকা শহরের আগের নাম জাহাঙ্গীরনগর।

খ মুক্তিযুদ্ধের গল্প শোনার জন্য অন্তু মামাকে ঢাকায় আসার জন্য চিঠি লিখল।
অন্তুর মামা গ্রামে থাকে। তাকে ঢাকা আসবার জন্য অন্তু চিঠি লিখেছিল, কারণ মামা কাজল ছিলেন মুক্তিযোদ্ধা। তাই মুক্তিযুদ্ধের গল্প মামার মুখে শোনার জন্য সে মামাকে চিঠি লিখেছিল।

গ উদ্দীপকের মুক্তিযোদ্ধা চরিত্রটি 'পিতৃপুরবষের গল্প' রচনায় কাজল মামা চরিত্রের সাথে সাদৃশ্যপূর্ণ।

'পিতৃপুরবষের গল্প' রচনার কাজল মামা ঢাকা বিশ্ববিদ্যালয়ের ছাত্র অবস্থায় মুক্তিযুদ্ধে অংশ নেন। ঢাকা শহর ছেড়ে হঠাৎ তিনি গ্রামে হাজির। তারপর রাত দিন এ গ্রাম সে গ্রাম ঘুরে ছেলেদের জোগাড় করে মিছিল মিটিং করেন। রাইফেল জোগাড় করে ট্রেনিং নেন। বাবার নিষেধ সত্ত্বেও তিনি মুক্তিযুদ্ধে ঝাঁপিয়ে পড়েন।

উদ্দীপকে একজন মুক্তিযোদ্ধার উলেরখ রয়েছে। যিনি জীবনকে হাতের মুঠোয় নিয়ে যুদ্ধ করেন। তার আগে পিছে মৃত্যুর বিভীষিকা। আক্রমণের প্রস্তুতি নিতে তিনি রাত জাগেন। রাজাকার, খান–সেনা ধর্মের লেবাস পরেন তিনি যুদ্ধের কৌশল হিসেবে। শত্রবর মোকাবিলায় ৰেপা কুকুরের মতো মরণকামড় হানেন তিনি। 'পিতৃপুরবষের গল্প' রচনায় কাজল মামার যুদ্ধের বিস্তারিত বিবরণ না থাকলেও তিনি যে অস্ত্র হাতে ট্রেনিং নিয়ে যুদ্ধে অকুতোভয় সৈনিকের মতো যুদ্ধ করেছেন তা স্পষ্ট। তাই এ কথা নিদ্বিধায় বলতে পারি উদ্দীপকের মুক্তিযোদ্ধা চরিত্রটি 'পিতৃপুরবষের গল্প' রচনায় কাজল মামা চরিত্রের সাথে সাদৃশ্যপূর্ণ।

ঘ 'আমি একজন মুক্তিযোদ্ধা, মৃত্যু পিছনে আগে' কবিতায় এই পঙক্তিটি অত্যন্ত তাৎপর্যপূর্ণ।

'পিতৃপুরবষের গল্প' রচনায় কাজল মামা একজন বীর মুক্তিযোদ্ধা। ঢাকা বিশ্ববিদ্যালয়ের ছাত্র থাকাকালীন দেশে যুদ্ধ লেগে যায়। তিনি গ্রামে গিয়ে লোকজনকে সংগঠিত করে মুক্তিযুদ্ধে ঝাঁপিয়ে পড়েন। ঢাকা বিশ্ববিদ্যালয়ের যে হলটিতে তিনি থাকতেন সেটি হাজী মোহাম্মদ মহসীন হল। এই হলের কয়েক শত ছাত্রকে মাঠে দাঁড় করিয়ে গুলি করে হত্যা করেছিল পাক সেনারা।

উদ্দীপকে মুক্তিযুদ্ধের ভয়াবহতা তুলে ধরা হয়েছে। জীবনের ঝুঁকি নিয়ে একজন মুক্তিযোদ্ধা প্রাণপণ যুদ্ধ করেন। সামনে পিছে সকল দিক থেকে মৃত্যু তাকে ধাওয়া করে। যুদ্ধের কৌশল হিসেবে রাজাকার, খান–সেনা কিংবা ধর্মের লেবাস ধারণ করেন কাজল। আবার শত্রবর মোকাবিলায় বজ্রকঠোর হয়ে ৰেপা কুকুরের মতো মরণকামড় হানে।

'পিতৃপুরবষের গল্পে' আমরা দেখি পাকিস্তানি শাসককের অন্যায় অবিচারের প্রতিবাদ জানিয়েছিল বলে ঢাকা বিশ্ববিদ্যালয়ের মহসীন হলে কয়েকশ তরবণ ছাত্রকে লাইনে দাঁড় করে গুলি করে হত্যা করা হয়। মানুষের জান মাল তখন এতটাই সংকটাপন্ন হয়ে পড়েছিল। উদ্দীপকেও একই ভয়াবহ চিত্র ফুটে উঠেছে। তাই একজন মুক্তিযোদ্ধার মৃত্যু পিছনে আগে কথাটি যথার্থ।

প্রশ্ন– ২ ভাষা শহিদদের স্মৃতি

"আমার ভাইয়ের রক্তে রাঙানো
একুশে ফেব্রবয়ারি
আমি কি ভুলিতে পারি"
[একুশের গান : আবদুল গাফ্‌ফার চৌধুরী]

ক. ভাষা আন্দোলন হয়েছিল কত সালে? ১
খ. স্মৃতিসৌধ কেন গড়ে উঠেছে? ২
গ. উদ্দীপকটি 'পিতৃপুরবষের গল্প' গল্পের কোন দিকটির সাথে সাদৃশ্যপূর্ণ–ব্যাখ্যা কর। ৩
ঘ. 'একুশে ফেব্রবয়ারি আমাদের গৌরবের অর্জন'–উক্তিটি উদ্দীপক ও 'পিতৃপুরবষের গল্প' রচনার আলোকে বিশেরষণ কর। ৪

২ নং প্রশ্নের উত্তর

ক ভাষা আন্দোলন হয়েছিল ১৯৫২ সালে।

খ রক্ত ভেজা স্মৃতিকে ভবিষ্যৎ বংশধরদের জন্য ধরে রাখতে গিয়েই শহিদ মিনারের মতো স্মৃতিসৌধ গড়ে উঠেছে।

আমাদের স্বাধীনতা কিংবা রাষ্ট্রভাষা বাংলার মর্যাদা প্রতিষ্ঠার পেছনে প্রচুর ত্যাগ এবং তিতিৰা এবং রক্তের ইতিহাসে রয়েছে। এর সাথে লৰ প্রাণদানের করবণ কাহিনি রয়েছে। সেসবকে স্মরণীয় করে রাখতেই স্মৃতিসৌধ গড়ে উঠেছে।

গ উদ্দীপকটি 'পিতৃপুরবষের গল্প' রচনায় উলিরখিত রক্তস্রোতে ভাষা আন্দোলনের সাথে সাদৃশ্যপূর্ণ।

'পিতৃপুরবষের গল্প' রচনায় কাজল মামা অন্তুকে বলে মায়ের ভাষা বাংলাকে রৰা করতে গিয়ে অনেক বাঙালি প্রাণ দিয়েছিল একদিন। তখন কাজল মামা বলেন, পাকিস্তানের শাসকেরা আমাদের বাঙালিদের ওপর তাদের উর্দু ভাষা চাপিয়ে দিতে চেয়েছিল। বাঙালি তা মেনে নেয়নি। ১৯৫২ সালে উর্দুভাষা চাপিয়ে দেয়ার প্রতিবাদে বাঙালি যখন প্রতিবাদ করে তখন পাকিস্তানি পুলিশ গুলি করে অনেককে হত্যা করে। অনেক রক্তের বিনিময়েই আমরা বাংলা ভাষাকে রাষ্ট্রভাষা হিসেবে প্রতিষ্ঠা করতে পেরেছি।

উদ্দীপকের বক্তব্যটি আমাদের হৃদয়ে গভীর অনুভূতির সৃষ্টি করে। বাঙালির রক্তে ভেজা ভাষা আন্দোলন সফল হওয়ার কারণেই সেদিন মাতৃভাষা বাংলার দাবি প্রতিষ্ঠিত হয়েছিল। রক্তে রাঙানো একুশে ফেব্রবয়ারিকে তাই ভোলা সম্ভব নয়। যারা সেদিন রক্ত দিয়েছে জীবন দিয়েছে তারা আমাদের ভাই ও স্বজন। সেই বেদনাবিধুর স্মৃতি আমাদের পৰে ভোলা সম্ভব নয়। 'পিতৃপুরবষের গল্পে' এই শহিদদের পিতৃপুরবষ বলা হয়েছে। গল্পে ভাষা শহিদদের ত্যাগ–তিতিৰার কথা বলা হয়েছে। তাই উদ্দীপকে উলিরখিত একুশে ফেব্রবয়ারি বা ভাষা আন্দোলনের বিষয়টি সাদৃশ্যপূর্ণ।

১ কবিতা ৫

নতুন দেশ

রবীন্দ্রনাথ ঠাকুর

লেখক পরিচিতি

নাম	**প্রকৃত নাম :** রবীন্দ্রনাথ ঠাকুর। **ছদ্মনাম :** ভানুসিংহ ঠাকুর।
জন্ম পরিচয়	**জন্ম :** ৭ই মে, ১৮৬১ খ্রিষ্টাব্দ (২৫ শে বৈশাখ, ১২৬৮ বঙ্গাব্দ)। **জন্মস্থান :** জোড়াসাঁকো, কলকাতা।
সাহিত্য সাধনা	**কাব্যগ্রন্থ :** বনফুল, মানসী, কড়ি ও কোমল, সোনার তরী, চিত্রা, ৰণিকা, বলাকা, পূরবী, পুনশ্চ, গীতাঞ্জলি, শেষ লেখা বিশেষ উলেরখযোগ্য। **উপন্যাস :** গোরা, ঘরে বাইরে, চতুরঙ্গ, চোখের বালি, যোগাযোগ, নৌকাডুবি, শেষের কবিতা, দুইবোন, মালঞ্চ ইত্যাদি। **কাব্যনাট্য :** কাহিনী, চিত্রাঙ্গাদা, বসন্ত, বিদায় অভিশাপ, মালিনী, রাজা ও রানি ইত্যাদি। **নাটক :** অচলায়তন, চিরকুমার সভা, মুক্তধারা, ডাকঘর, রক্তকরবী, রাজা, বিসর্জন ইত্যাদি। **গল্পগ্রন্থ :** গল্পগুচ্ছ, গল্পস্বল্প, তিনসঙ্গী, লিপিকা, সে ইত্যাদি। **ভ্রমণকাহিনি :** জাপান যাত্রী, পথের সঞ্চয়, পারস্যে, রাশিয়ার চিঠি, য়ুরোপ যাত্রীর ডায়েরি, য়ুরোপ প্রবাসীর পত্র ইত্যাদি। **শিশুসাহিত্য :** শিশু ভোলানাথ, খাপছাড়া ইত্যাদি।
পুরস্কার ও সম্মাননা	নোবেল পুরস্কার (১৯১৩), কলকাতা বিশ্ববিদ্যালয় কর্তৃক সম্মানসূচক ডিলিট (১৯১৩), অক্সফোর্ড বিশ্ববিদ্যালয় কর্তৃক সম্মানসূচক ডিলিট (১৯৪০), ঢাকা বিশ্ববিদ্যালয় কর্তৃক সম্মানসূচক ডিলিট (১৯৩৬) অর্জন।
জীবনাবসান	৭ই আগস্ট, ১৯৪১ খ্রিষ্টাব্দ (২২ শে শ্রাবণ, ১৩৪৮ বঙ্গাব্দ)।

পাঠ-পরিচিতি

কবিতাটি রবীন্দ্রনাথ ঠাকুরের 'সহজ পাঠ' গ্রন্থের প্রথম ভাগ থেকে নেওয়া হয়েছে। এ কবিতায় অজানাকে জানার সীমাহীন কৌতূহল এবং প্রকৃতির সকল রহস্য উন্মোচন করার অপার আকাঙ্ক্ষার কথা প্রকাশিত হয়েছে। ভাঁটার টানে ঘাটে বাঁধা নৌকা মাঝ নদী পেরিয়ে কোথায় গিয়ে যে পৌঁছবে তার কোনো ঠিক নেই। হয়তো কোনো নতুন দেশে বা নতুন পরিবেশে গিয়ে সে পৌঁছবে। এ সব প্রশ্নের উত্তর জানতে কৌতূহল জাগবে যে কারোরই। হয়তো কোনো অসীম সৌন্দর্য, অজানা আনন্দ বা অপার বিস্ময় তার জন্য অপেক্ষা করে আছে। অজানার প্রতি এই ব্যাকুলতা শিশুরা তার আশপাশের সবার মধ্যেও দেখতে চায়।

বহুনির্বাচনি প্রশ্নোত্তর

১. **'জানি না কোন দেশে পৌঁছে যাবে শেষে'– চরণটির সাথে সাদৃশ্যপূর্ণ চরণ কোনটি?** (প্রয়োগ)
● কোন বনেতে জানিনে ফুল   খ জানিনে তোন ধন রতন
গ সার্থক জন্মেছি এই দেশে   ঘ গন্ধে এমন করে আকুল

২. **"সাধ জাগে মোর মনে, অমনি করে যাই ভেসে, যাই নতুন নগর বনে"। উক্তিটিতে কোন দিকটি প্রকাশ পেয়েছে?** (উচ্চতর দৰতা)
● কল্পনা শক্তি   খ ভাবের গভীরতা
গ আত্মভাবনা   ঘ মুক্ত চেতনা

৩. **নতুন দেশ কবিতায় কোথায় নতুন নতুন ফুল ফোটে?** (জ্ঞান)
● বনের তলে   খ উঠানের পাশে
গ পথের ধারে   ঘ ফসলের মাঠে

৪. **'নতুন দেশ' কবিতায় নৌকো কখন ভেসে যায়?** (জ্ঞান)
ক বেলা শেষে   খ দুপুর শেষে
● রাত শেষে   ঘ সকালে

৫. **'নতুন দেশ' কবিতার কবির মনে কী সাধ জাগে?** (অনুধাবন)
● নৌকোর মতো ভেসে যেতে   খ মেঘের মতো ভেসে যেতে
গ পাখির মতো উড়ে যেতে   ঘ পরির মতো উড়ে যেতে

৬. **'পাহাড় চূড়া সাজে'– এ চরণটি দ্বারা কী বোঝানো হয়েছে?** (অনুধাবন)
● পাহাড়ের সৌন্দর্যের কথা   খ পাহাড়ের আকৃতির কথা
গ পাহাড়ের ইতিকথা   ঘ পাহাড়ের সাজার কথা

৭. **শিশুটি কোনটি ভেঙে ডিঙ্গিয়ে যেতে পারে না?** (অনুধাবন)
ক মন ভেঙে   ● বরফ ভেঙে
গ জল ভেঙে   ঘ প্রাচীর ভেঙে

৮. **শিশুটির মনে আৰেপ কী কারণে?** (অনুধাবন)
● বাবা কেন অফিস যায়   খ মা কেন রান্না করে
গ ভাই কেন কান্না করে   ঘ বোন কেন স্কুলে যায়

৯. **শিশু সানি স্বপ্ন দেখে সে এক নতুন দেশে পৌঁছে গেছে। যেখানে আছে চকোলেটের নদী, আইসক্রিমের পাহাড়। ঘুম ভেঙে গেলেই সানি বুঝতে পারে এটি স্বপ্ন ছিল। সানি মনে মনে বলে এমন দেশে যদি যাওয়া যেত, খুব মজা হতো! সানির স্বপ্ন দেখার মধ্যে কোন বিষয়টি ফুটে উঠেছে?** (প্রয়োগ)
● ইচ্ছে পূরণ   খ চকোলেট খাবার ইচ্ছা
গ আইসক্রিম খাবার ইচ্ছা   ঘ মজা করার শখ

১০. **বনের তলে কোথায় কোথায় কী ফুটে?** (অনুধাবন)
ক নানা ফল   ● নতুন নতুন ফুল
গ নানা প্রকারের ক্যাকটাস   ঘ বিভিন্ন রঙের জবা

১১. **কার জন্য নতুন দেশে অসীম সৌন্দর্য এবং অপার আনন্দ অপেৰা করে আছে?** (অনুধাবন)
● শিশুর জন্য   খ বাবার জন্য
গ মায়ের জন্য   ঘ বোনের জন্য

১২. **'নতুন দেশ' কবিতাটি কোন গ্রন্থ থেকে নেওয়া হয়েছে?** (জ্ঞান)
ক সোনার তরী   খ গীতাঞ্জলি
● সহজ পাঠ   ঘ বলাকা

১৩. **'নতুন দেশ' কবিতায় কবি কীসের রহস্য উন্মোচন করতে চেয়েছেন?**
ক রাজনীতির   খ সামাজিক
● প্রকৃতির   ঘ আধ্যাত্মিক

বহুপদী সমাপ্তিসূচক বহুনির্বাচনি প্রশ্নোত্তর

১৪. **'নতুন দেশ' কবিতার শিৰণীয় যে বিষয় ফুটে উঠেছে–**
i. অনুসন্ধিৎসা   ii. কল্পনাশক্তি
iii. অজানা মানবাকাঙ্ক্ষা

এই অক্ষরে

মহাদেব সাহা

■ **কবি পরিচিতি**

নাম	মহাদেব সাহা।
জন্ম পরিচয়	**জন্ম** : ১৯৪৪ খ্রিষ্টাব্দ। **জন্মস্থান** : সিরাজগঞ্জ জেলায়
সাহিত্য সাধনা	**প্রবন্ধ** : আনন্দের মৃত্যু নেই, মহাদেব সাহার কলাম। **কাব্যগ্রন্থ** : চাই বিষ অমরতা, আমি ছিন্নভিন্ন, বেঁচে আছি স্বপ্নপুরুষ, এই গৃহ এই সন্ন্যাস, অস্তমিত কালের গৌরব মানব এসেছি কাছে, কী সুন্দর অন্ধ ইত্যাদি। **কিশোর কবিতা** : টাপুর-টুপুর মেঘের দুপুর, ছবি আঁকা পাখির পাখা সরষে ফুলের নদী ইত্যাদি।
পুরস্কার ও সম্মাননা	মহাদেব সাহা একুশে পদক, বাংলা একাডেমি সাহিত্য পুরস্কার, আলাওল সাহিত্য পুরস্কারসহ অনেক পুরস্কার লাভ করেছেন।

পাঠ-পরিচিতি

বাংলা অক্ষর বা বর্ণমালা বাঙালি জাতির অনন্য সম্পদ। এই বর্ণমালা বাঙালির প্রাণের সঙ্গে অস্তিত্বের সঙ্গে মিশে আছে। বাংলা অক্ষর বাঙালির চিত্তকে আনন্দে ভরে দেয়। বাঙালিকে করে তোলে স্বপ্নমুখী। বাংলা অক্ষর বাঙালির চোখে দেখা দেয় মায়ের রূপ ধরে। কখনো তার চিত্তে বাজায় সুরের নূপুর। বাংলা অক্ষর বাঙালির মিলিত সত্তার শ্রেষ্ঠতম উৎস। আমাদের অক্ষরসমূহ আপন-পর সকলকে কাছে টানে, দূর করে দেয় সব বিভেদ। বাংলা অক্ষর বাঙালির বুকে সঞ্চার করে অবারিত আশা। আলোচ্য কবিতাটিতে বাংলা অক্ষর তথা বর্ণমালার প্রতি কবির অবারিত ভালোবাসা ও গভীর শ্রদ্ধা প্রকাশ পেয়েছে।

বহুনির্বাচনি প্রশ্নোত্তর

১. **কিছু তারা কী করছে?** (জ্ঞান)
ক খেলা করছে খ নিত্য করছে গ দৌড়াচ্ছে ● পাহারা দিচ্ছে

২. **রূপকথা অন্তরে কী করে?** (জ্ঞান)
ক সুর তোলে খ নাচে গ গান গায় ● ঢেউ তোলে

৩. **'শিখি তার কাছে অজানা যা আছে'– এ বাক্যটি দ্বারা কী বোঝানো হয়েছে?** (অনুধাবন)
ক মানুষের শেখার শেষ নেই
খ বাংলা বর্ণমালা মা স্বরূপ
● মাতৃভাষায় অজানাকে সহজে জানা
ঘ বাংলার অৰরে মুক্তির গান শিখি

৪. **আনন্দে প্রাণ ভরে যায় কেন?** (অনুধাবন)
● অজানাকে জেনে খ জানাকে ভুলে
গ শিক্ষা গ্রহণ করে ঘ গান শুনে

৫. **অপরূপ ছবি দেখি কেন?** (অনুধাবন)
● মনের আনন্দে খ প্রাকৃতিক দৃশ্যে
গ সুখে ঘ কান্নায়

৬. **'ছুটে চলে অবিরাম' –বলতে কবি কী বোঝাতে চেয়েছেন?** (অনুধাবন)
ক ছুটে চলা ● ভাষার প্রবহমানতা
গ অক্ষরের কথা ঘ আরামহীন

৭. **'অন্তরে জাগে গান' –বলতে কবি কী বোঝাতে চেয়েছেন?** (অনুধাবন)
● আনন্দ খ কষ্ট গ ব্যথা ঘ রাগ

৮. **অন্তরে ঢেউ ওঠে কেন?** (অনুধাবন)
ক গান শুনে খ নাচ দেখে
গ সিনেমা দেখে ● এই অক্ষরে নাম ধরে ডাকলে

৯. **'দেখি অপরূপ ছবি' –বলতে কবি কী বোঝাতে চেয়েছেন?** (অনুধাবন)
ক মা ● সৌন্দর্য গ রূপ ঘ গুণ

১০. **'এই ভাষা দিয়ে গান লিখে নিয়ে যুদ্ধ করেছি জয়'।– এখানে কীসের ইঙ্গিত করা হয়েছে?** (উচ্চতর দৰতা)
ক দুঃখের খ সাহসের ● স্বাধীনতার ঘ প্রেমের

১১. **'ছুটে চলে অবিরাম' –চরণটিতে কী প্রকাশ পেয়েছে?** (উচ্চতর দৰতা)
● সবসময় ছুটে চলা খ ধীরে ধীরে চলা
গ বিশ্রাম নেয়া ঘ পরিশ্রম করা

১২. **'এই অৰর যেন নির্ঝর'– এখানে কোনটি ফুটে উঠেছে?** (উচ্চতর দৰতা)
● ভাষার গতিশীলতা খ অন্তরঙ্গা ইন্দ্রিয়ানুভূতির তীব্রতা
গ ঝরনাধারার গতি ঘ চাওয়া-পাওয়ার আকুতি

১৩. **'সকাল দুপুর সুরের নূপুর/বাজায় উদাস কবি'– চরণটিতে কী প্রকাশ পেয়েছে?** (উচ্চতর দৰতা)
ক বাজায় বাঁশি খ বাজায় ঢোল
● আনন্দ ঘ বাজায় উদাস গায়ক

১৪. **'এই অৰরে' কবিতায় আমাদের ভেতর মাতৃভাষার প্রতি কী জাগ্রত হবে?** (অনুধাবন)
● শ্রদ্ধা ও মমত্ব খ ভালোবাসা
গ গভীর অনুরাগ ঘ নিরবচ্ছিন্ন অনুপ্রেরণা

১৫. **'এই অক্ষরে' কবিতায় কোন বিষয়টি ফুটে উঠেছে?** (উচ্চতর দৰতা)
ক দেশের প্রতি ভালোবাসা খ মাটির প্রতি ভালোবাসা
গ সম্পদের গুরুত্ব ● মাতৃভাষার গুরুত্ব

বহুপদী সমাপ্তিসূচক বহুনির্বাচনি প্রশ্নোত্তর

১৬. **বাংলা বর্ণমালা মিশে আছে বাঙালির–**
i. প্রাণের সঙ্গে ii. অস্তিত্বের সঙ্গে
iii. করবণার সঙ্গে
নিচের কোনটি সঠিক?
● i ও ii খ i ও iii গ ii ও iii ঘ i, ii ও iii

১৭. **'এই ভাষা দিয়ে গান লিখে নিয়ে যুদ্ধ করেছি জয়'– কথাটি দিয়ে যা বোঝানো হয়েছে–**
i. গণতন্ত্রের অধিকার পেয়েছি ii. মতপ্রকাশের অধিকার পেয়েছি
iii. স্বাধিকার পেয়েছি
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ i ও iii গ ii ও iii ● i, ii ও iii

অভিন্ন তথ্যভিত্তিক বহুনির্বাচনি প্রশ্নোত্তর

নিচের অনুচ্ছেদটি পড়ে ১৮ ও ১৯ নং প্রশ্নের উত্তর দাও :

"এ ভাষারি মান রাখিতে
হয় যদি বা জীবন দিতে
চারকোটি ভাই রক্ত দিয়ে
পুরাবে এর মনের আশা।"

১৮. **কবিতাংশের 'এ ভাষারি' বলতে কোন ভাষাকে ইঙ্গিত করা হয়েছে?** (প্রয়োগ)
ক মাতৃভাষা ● বাংলা ভাষা গ একুশের ভাষা ঘ জনতার ভাষা

১৯. **উক্ত ভাষা অর্জনে চরম পরীৰা দিতে হয়েছে–**
i. ভাষা আন্দোলনে ii. মুক্তিযুদ্ধে
iii. ১৯৫২ সালের আন্দোলনে
নিচের কোনটি সঠিক?
ক i ও ii ● i ও iii গ ii ও iii ঘ i, ii ও iii

সৃজনশীল প্রশ্ন ও উত্তর

৫. প্রবন্ধ রচনা

কোনো একটি বিষয়কে ভাব ও চিন্তার মধ্য দিয়ে ভাষায় প্রাণবন্ত করে প্রকাশ করাই হচ্ছে প্রবন্ধ।

১ বাংলাদেশের নদ-নদী

সূচনা : বাংলাদেশের বুক জুড়ে জালের মতো ছড়িয়ে ছিটিয়ে আছে শত শত নদী। এই নদীগুলো বাংলাদেশের প্রাণ। বাংলার মানুষের জীবনযাপনের সাথে এগুলো নিবিড়ভাবে জড়িয়ে আছে। বাংলাদেশকে তাই বলা হয় নদীমাতৃক দেশ।

প্রধান নদ-নদী : বাংলাদেশে শাখা-প্রশাখাসহ নদ-নদীর সংখ্যা প্রায় ২৩০টি। পদ্মা, মেঘনা, যমুনা ও ব্রহ্মপুত্র বাংলাদেশের প্রধান নদ-নদী।

পদ্মা : পদ্মা বাংলাদেশের প্রধান নদী। ভারতের ওপর দিয়ে গঙ্গা নামে প্রবাহিত হয়ে রাজশাহী অঞ্চল দিয়ে পদ্মা নাম ধারণ করে এটি আমাদের দেশে প্রবেশ করেছে।

মেঘনা : মেঘনা বাংলাদেশের আরেকটি প্রধান নদী। ভারতের বরাক নদীটি সুরমা ও কুশিয়ারা নামের দুটি শাখায় ভাগ হয়ে বাংলাদেশে প্রবেশ করেছে। চাঁদপুরের কাছে এসে এ দুটি নদী মিলিত হয়ে মেঘনা নাম ধারণ করেছে।

যমুনা : তিব্বতের সানপু নদীটি আসামের মধ্য দিয়ে যমুনা নাম নিয়ে বাংলাদেশে প্রবেশ করেছে। ধরলা, তিস্তা ও করতোয়া যমুনার প্রধান উপনদী। বুড়িগঙ্গা ও ধলেশ্বরী যমুনার প্রধান শাখানদী।

ব্রহ্মপুত্র : হিমালয় পর্বতের কৈলাশ শৃঙ্গের মানস সরোবর হ্রদ থেকে ব্রহ্মপুত্র নদের উৎপত্তি। নদীটি তিব্বত ও আসামের ভেতর দিয়ে প্রবাহিত হয়ে কুড়িগ্রামের কাছে এসে বাংলাদেশে প্রবেশ করেছে।

অন্যান্য নদী : এ নদীগুলো ছাড়াও আমাদের দেশে রয়েছে আরও অনেক নামকরা নদনদী। সেগুলোর মধ্যে কর্ণফুলী, কুশিয়ারা, বুড়িগঙ্গা, ব্রহ্মপুত্র, শীতলক্ষ্যা, মধুমতি, সুরমা, তিস্তা ইত্যাদি উল্লেখযোগ্য।

নদীর সৌন্দর্য : বাংলাদেশের নদীগুলোর সৌন্দর্য তুলনাহীন। নদীর বুকের সোনালী স্রোত, পাল তুলে ভেসে চলা নৌকা, নদীর পাড়ের ছবির মতো ঘরবাড়ি ও গাছপালা সবকিছু মিলে অসাধারণ দৃশ্য সৃষ্টি করে। নদীর দু ধারের কাশবন, বাড়ি-ঘর সবকিছু ছবির মতো লাগে। বর্ষায় পানিতে ভরে গেলে নদ-নদীগুলো আরও প্রাণচঞ্চল হয়ে ওঠে।

আমাদের দৈনন্দিন জীবনে নদ-নদীর প্রভাব : নদীর সঙ্গে আমদের জীবন গভীরভাবে জড়িত। আমাদের যাতায়াতের অন্যতম প্রধান মাধ্যম হচ্ছে নদীপথ। নদীকে ঘিরে গড়ে উঠেছে এ দেশের অনেক ব্যবসা-বাণিজ্যকেন্দ্র। আমাদের কৃষিক্ষেত্র অনেকাংশেই নদীর ওপর নির্ভরশীল। এ দেশের কবি-সাহিত্যিক ও শিল্পীরা নদীকে নিয়ে সৃষ্টি করেছেন অসংখ্য সাহিত্যকর্ম।

নদ-নদীর উপকারিতা : বাংলাদেশকে সবুজে-শ্যামলে ভরে তোলার পেছনে নদ-নদীর ভূমিকা অপরিসীম। নদীর পানিতে বয়ে আসা পলি প্রাকৃতিকভাবে আমাদের মাটিকে উর্বর করেছে। আমাদের কৃষির অগ্রগতিতে তাই নদীর ভূমিকা বেশ গুরুত্বপূর্ণ। কৃষিক্ষেত্র ছাড়াও নদীগুলো মিঠা পানির মাছের অন্যতম উৎস। নদীতে মাছ ধরে জীবিকা নির্বাহ করে অসংখ্য মানুষ। দেশীয় প্রয়োজন মিটিয়েও মাছ বিদেশে রপ্তানি করে প্রচুর বৈদেশিক মুদ্রা আয় করা হয়। এ ছাড়া পরিবহন-সংক্রান্ত কাজেও নদীকে ব্যবহার করা হয়। এক শ্রেণির মানুষ এ কাজ করেই তাদের জীবিকা নির্বাহ করে।

নদ-নদীর অপকারিতা : নদীর কিছু অপকারিতাও আমাদের চোখে পড়ে। বর্ষাকালে নদীগুলো ফুলে-ফেঁপে ওঠে। তখন বন্যা দেখা দেয়। এছাড়া নদীর প্রবল স্রোতে ভাঙন শুরু হয়। কখনো কখনো কোনো কোনো গ্রাম ভাঙতে ভাঙতে নদীর মাঝে সম্পূর্ণ হারিয়ে যায়। এর ফলে ক্ষতিগ্রস্থ হয় মানুষের ঘরবাড়ি, জমিজমা, গাছপালা, গবাদিপশু ও গৃহসামগ্রী। অনেক সময় নদীর প্রবল স্রোতে মানুষের জীবনহানিও ঘটে। এক গবেষণায় দেখা গেছে, বাংলাদেশে প্রতিবছর প্রায় দশ লক্ষ মানুষ নদীভাঙনের শিকার হয়।

উপসংহার : বাংলাদেশ নদীর দেশ। তাই এদের বাঁচিয়ে রাখা আমাদের সবার দায়িত্ব। নদ-নদীর অবদানেই আমাদের এ বাংলাদেশ সুজলা-সুফলা-শস্য-শ্যামলা হয়েছে।

২ আমার জীবনের লক্ষ্য

সূচনা : একটি সফল ও সার্থক জীবন পাওয়ার অন্যতম পূর্বশর্ত হচ্ছে জীবনের লক্ষ্য নির্ধারণ। মানুষের জীবন ছোট কিন্তু তার কর্মক্ষেত্র অনেক বড়। এ ছোট জীবনে উন্নতির উচ্চ শিখরে আরোহণ করতে হলে প্রত্যেক মানুষকে জীবনের শুরুতেই সঠিক লক্ষ্য নির্ধারণ করতে হয়।

লক্ষ্য নির্ধারণের প্রয়োজনীয়তা : জীবন গঠনের জন্য জীবনের একটি নির্দিষ্ট লক্ষ্য নির্ধারণ অত্যন্ত জরুরি। লক্ষ্যহীন জীবন হলো হালবিহীন নৌকার মতো। তাই লক্ষ্য স্থির না করলে সফলতা পাওয়া অসম্ভব। প্রতিটি মানুষকে জীবনের শুরুতে সঠিক চিন্তা ভাবনা করে লক্ষ্য ঠিক করে সেটাকে বাস্তবায়নের চেষ্টা করতে হবে। তা না হলে কখনোই ব্যক্তি তার জীবনকে পরিচালনা করার সঠিক দিক পাবে না। লক্ষ্য না থাকলে জীবনকে উদ্দেশ্যহীন বিক্ষিপ্ত মনে হয়। ফলে প্রতিষ্ঠিত হওয়া সম্ভব হয় না।

ছাত্রাবস্থায়ই লক্ষ্য স্থির করার উপযুক্ত সময় : ছাত্রজীবন পরিণত-জীবনের প্রস্তুতিপর্ব। ছাত্রাবস্থার স্বপ্ন ও কল্পনা পরিণত-জীবনে বাস্তবের মাটিতে ফুলে-ফলে সুশোভিত হয়ে সার্থক হয়। কিন্তু স্বপ্ন কেবল স্বপ্ন হলেই, কিংবা কল্পনা, অবাস্তব ও উদ্ভট হলেই চলে না; পরিণত জীবনের লক্ষ্যবাহী ও বাস্তবঘনিষ্ঠ হওয়া চাই। সেজন্য ছাত্রবস্থাতেই জীবনের লক্ষ্য স্থির করতে হয়। সে লক্ষ্যকে সামনে রেখে অগ্রসর হতে হয়, শ্রম, নিষ্ঠা, অধ্যবসায় ও একাগ্রতার সঙ্গে।

আমার জীবনের লক্ষ্য : নির্দিষ্ট লক্ষ্য না থাকলে জীবনে সফল হওয়া যায় না। লক্ষ্য ঠিক করে সে মোতাবেক এগিয়ে গেলেই জীবনের উদ্দেশ্য পূরণ হয়। তাই আমিও জীবনের লক্ষ্য ঠিক করেছি। আমার লক্ষ্য আর দশজনের থেকে আলাদা। আমার ইচ্ছা বড় হয়ে আমি একজন ক্রিকেটার হব।

লক্ষ্য নির্ধারণের কারণ : সাধারণত মানুষের জীবনের লক্ষ্য থাকে ডাক্তার, ইঞ্জিনিয়ার, শিক্ষক ইত্যাদি হওয়া। কিন্তু মানুষের যে কাজটি ভালো লাগে সেটির চর্চা অব্যাহত রাখলেই বেশি সফলতা পাওয়া যায়। ক্রিকেট খেলার প্রতি আমার ভালোলাগা অত্যন্ত প্রবল। ক্রিকেটারদের দেশপ্রেম, মনোবল ও সুশৃঙ্খল জীবন আমাকে অত্যন্ত আকর্ষণ করে। এ কারণেই আমি ক্রিকেটার হওয়ার লক্ষ্য ঠিক করেছি। ক্রিকেট খেললে আনন্দ লাভের পাশাপাশি শরীরকেও সুস্থ রাখা যায়। আর কঠোর নিয়ম-কানুন অনুসরণ করে খেলতে যায় বলে এ লেখা নিয়মানুবর্তিত ও সময়জ্ঞানের শিক্ষা দেয়। তাছাড়া বর্তমান বিশ্বে ক্রিকেট জনপ্রিয় খেলা। ক্রিকেটে বাংলাদেশেরও একটি শক্ত অবস্থান তৈরি হয়েছে। বর্তমানে এ দেশের মানুষের আশা-আকাঙ্ক্ষা ও উৎসবের অন্যতম উপলক্ষ হলো ক্রিকেট। তাই বাংলাদেশের ছেলেমেয়েরা এখন ক্রিকেটার হওয়ার স্বপ্ন দেখতেই পারে।

লক্ষ্যপূরণে করণীয় : জীবনের লক্ষ্য পূরণে আমাকে এখন থেকেই মনোযোগী হতে হবে। শুধু ভালো ক্রিকেট খেললেই ভালো ক্রিকেটার হওয়া যায়। সেই সাথে পড়াশোনায়ও ভালো হওয়া প্রয়োজন। তাহলেই ক্রিকেটের সব আধুনিক দিকগুলো ঠিকঠাক বুঝতে পারব। এখন থেকেই ক্রিকেটের সব খুঁটিনাটির বিষয়ে আমাকে জানতে হবে। নিয়মিত অনুশীলন করতে হবে।

উপসংহার : বিখ্যাত কোনো ক্রিকেটার হতে পারলে পৃথিবীর বুকে দেশের মুখ উজ্জ্বল হবে। বিশ্বের অনেকেই এখন বড় ক্রিকেটার হতে চায়। বাংলাদেশও ক্রিকেটে এখন ভালো অবস্থানে যাচ্ছে। বাংলাদেশের ক্রিকেট

English 1st Paper (Reading Part)

Question Type : 1 Or 2

Seen Passage – 1 Or 2

Read the text carefully and answer questions . (পাঠ্যাংশটি মনোযোগ সহকারে পড় এবং প্রশ্নগুলোর উত্তর দাও।)

Mother : Reza, will you come here, please?

Reza : Yes, Mum.

Mother : Look. The kitchen is very untidy. I want to make it neat and tidy. Would you give me a hand?

Reza : Sure.

Mother : Could you take the pots and plates from the table and put them in the cupboard?

Reza : Ok.

Mother : First, I'll sweep the floor. Will you bring me a broom, please?

Reza : Here it is.

Mother : Thank you. Now I'm going to mop the floor. Could you get me a mop and bucket and some detergent?

Reza : No problem. Here they are.

Mother : Thanks, dear.

Reza : Welcome.

1. Choose the best answer from the alternatives. (বিকল্প উত্তরগুলো থেকে সঠিক উত্তরটি বাছাই কর।) .5 × 10 = 5

a. Who will wash the kitchen?

(i) father (ii) mother
(iii) sister (iv) grandmother

b. What does the phrase 'give a hand' mean?

(i) to give one hand (ii) to give a handful
(iii) help (iv) handle

c. Who will put the pots and plates in the cupboard?

(i) Reza (ii) mother
(iii) sister (iv) father

d. A — is used to sweep the floor.

(i) broom (ii) duster
(iii) eraser (iv) washing machine

e. Reza's mother will wash the floor with—.

(i) a soap (ii) detergent (iii) savlon (iv) dettol

f. sweep

(i) wash (ধোয়া) (ii) cook (রান্না করা)
(iii) brush (ঝাড়ু দেয়া) (iv) erase (মুছে ফেলা)

g. bucket

(i) basket (ঝুড়ি) (ii) pitcher (কলস)
(iii) stove (চুলা) (iv) pail (বালতি)

h. neat

(i) tidy (পরিপাটি) (ii) rest (অবশিষ্ট)
(iii) near (নিকটে) (iv) new (নতুন)

i. mop

(i) throw (ছুঁড়ে ফেলা) (ii) wipe (মোছা)
(iii) write (লেখা) (iv) open (খোলা)